

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ২২৬

৫. জুম'আ প্রসঙ্গ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ২. জুম'আ দিবসে ইমামের খুতবা পাঠ করার সময় চুপ থাকার বিষয়ে যাহা বর্ণিত হইয়াছে

بَابِ مَا جَاءَ فِي الْإِنْصَاتِ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ تَعْلَبَةَ بْنِ أَبِي مَالِكِ الْقُرَظِيِّ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّهُمْ كَانُوا فِي زَمَانِ عُمَرَ بْنِ الْخَطَّابِ يُصَلُّونَ يَوْمَ الْجُمُعَةِ حَتَّى يَخْرُجَ عُمَرُ فَإِذَا خَرَجَ عُمَرُ وَإِذَا خَرَجَ عُمَرُ وَجَلَسَ عَلَى الْمِنْبَرِ وَأَذَّنَ الْمُؤذِّنُونَ قَالَ ثَعْلَبَةُ جَلَسْنَا نَتَحَدَّتُ فَإِذَا سَكَتَ الْمُؤذِّنُونَ وَعَلَى الْمُؤذِّنُونَ عَلَى الْمِنْبَرِ وَأَذَّنَ الْمُؤذِّنُونَ قَالَ ثَعْلَبَةُ جَلَسْنَا نَتَحَدَّتُ فَإِذَا سَكَتَ الْمُؤذِّنُونَ وَقَامَ عُمَرُ يَخْطُبُ أَنْصَتَتْنَا فَلَمْ يَتَكَلَّمْ مِنَّا أَحَدُ قَالَ ابْنُ شِهَابٍ فَخُرُوجُ الْإِمَامِ يَقْطَعُ الْكَلَامَ الصَّلَاةَ وَكَلَامُهُ يَقْطَعُ الْكَلَامَ

বাংলা

রেওয়ায়ত ৭. ইবন শিহাব (রহঃ) সা'লাবা ইবন আবি মালিক কুরাজী (রহঃ) হইতে বর্ণনা করেন যে, তিনি (সা'লাবা) তাহার নিকট বর্ণনা করিয়াছেন যে, উমর ইবন খান্তাব (রাঃ)-এর খিলাফতকালে জুম'আর দিন তাহারা উমর ইবন খান্তাব (রাঃ) আগমন করা পর্যন্ত নামায পড়িতেন। উমর (রাঃ) আগমন করিতেন এবং মিম্বরে বসিতেন এবং মুয়াযযিনগণ আযান দিতেন। সা'লাবা (রহঃ) বলিয়াছেনঃ আমরা তখনও পরস্পর কথাবার্তা বলিতাম, মুয়াযযিনগণ যখন আযান শেষ করিতেন এবং উমর (রাঃ) খুতবা পাঠ করার জন্য দাঁড়াইতেন, তখন আমরা চুপ হইয়া যাইতাম। অতঃপর পরে কেউ কোন কথা বলিত না। ইবন শিহাব (রহঃ) বলিয়াছেনঃ (ইহাতে বোঝা গেল) ইমামের আগমন নামাযকে নিষিদ্ধ করিয়া দেয় এবং তাহার কালাম (খুতবা) কথাবার্তাকে নিষিদ্ধ করিয়া দেয়।

English

Yahya related to me from Malik from Ibn Shihab that Thalaba ibn Abi Malik al Quradhi informed him that in the time of Umar ibn al Khattab they used to pray on the day of jumua until Umar came out, and when Umar came out and sat on the mimbar and the muadhdhins called the adhan, they would sit and talk, and then when the muadhdhins were silent and Umar stood to give the khutba, they would pay attention and no-one would speak.



Ibn Shihab said, "The imam coming out stops prayer and his speaking stops conversation."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন